



যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতার খবরে কমলো তেলের দাম



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সমঝোতার খবর প্রকাশের পর বিশ্ববাজারে তেলের দাম কমেছে। দুই দেশই সমঝোতার বিষয়টি নিশ্চিত করেছে। আর মধ্যস্থতাকারী পাকিস্তান জানিয়েছে, আগামী শুক্রবার সুইজারল্যান্ডে আনুষ্ঠানিকভাবে চুক্তি সই হতে পারে।

সোমবার আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দামে বড় ধরনের পতন দেখা যায়। ব্রেস্ট তেলের দাম ব্যারেলপ্রতি ৩ ডলারের বেশি কমেছে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের মানদণ্ড হিসেবে ব্যবহৃত ডব্লিউটিআই তেলের দামও উল্লেখযোগ্য হারে নেমে এসেছে।

বাজার সংশ্লিষ্টরা বলছেন, দীর্ঘদিনের সংঘাত শেষে পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সম্ভাবনা তৈরি হওয়ায় বিনিয়োগকারীদের উদ্বেগ কমেছে। বিশেষ করে তেল সরবরাহে বাধা কমবে—এমন প্রত্যাশাই দামের ওপর প্রভাব ফেলেছে।

সংঘাতের কারণে কয়েক মাস ধরে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল ব্যাহত হচ্ছিল। এতে বিশ্ববাজারে তেল ও গ্যাস সরবরাহেও প্রভাব পড়ে। কারণ বিশ্বের উল্লেখযোগ্য অংশের জ্বালানি এই পথ দিয়েই বিভিন্ন দেশে পৌঁছে থাকে।

ইরানের সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, প্রস্তাবিত চুক্তির আওতায় আগামী এক মাসের মধ্যে হরমুজ প্রণালি আবারও পুরোপুরি চালু করা হতে পারে। এতে বৈশ্বিক জ্বালানি সরবরাহ স্বাভাবিক হওয়ার পথ আরও সহজ হবে বলে মনে করা হচ্ছে।

বিশ্লেষকদের মতে, চুক্তিটি বাস্তবায়িত হলে আন্তর্জাতিক জ্বালানি বাজারে স্থিতিশীলতা ফিরতে পারে এবং সাম্প্রতিক মূল্যচাপও অনেকটা কমে আসবে।